তারিখ 21 DEC 2017
পৃষ্ঠা ৬ কলাম ৯

দৈনিক ইত্তেফাক

# প্রশ্নপত্র ফাঁস ঠেকানো যাচ্ছে না কেন?

গত কয়েক বছর ধরে যে কোনো পরীক্ষার আগে প্রশ্নপত্র ফাঁস হওয়া একটা স্বাভাবিক নিয়ম হয়ে দাঁড়িয়েছে! যে কোনো পরীক্ষা এলেই প্রশ্নপত্র ফাঁসের খবর বাতাসের আগে ছোটে। গত ১৭ ডিসেম্বর বিবিসি বাংলা খবরে শুনলাম, বরগুনা জেলায় তৃতীয় শ্রেণির প্রশ্নপত্র ফাঁস হওয়ার কারণে জেলা শিক্ষা অফিসার পরীক্ষা স্থগিত করেছেন। আবার ১৮ তারিখে নাটোর সদর উপজেলার ১২৩টি স্কুলে প্রথম ও চতুর্থ শ্রেণির প্রশ্নপত্র ফাঁস হওয়ায় গণিত পরীক্ষা স্থগিত করা হয়েছে। বাংলাদেশে এটা ইতিহাস হয়ে থাকবে—ক্লাস ওয়ান থেকে যে কোনো পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়। এর যেন শেষ নেই! প্রশ্নপত্র ফাঁস ঠেকানো যাচ্ছে না কেন? প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িতদের ব্যাপারে ব্যবস্থা নেওয়া কি খুব কঠিন?

**মাহফুজুর রহমান খান**
চিনিতোলা, মেলান্দহ, জামালপুর